

BANGLADESH INTERNATIONAL SCHOOL, ENGLISH SECTION , RIYADH

SEMESTER : FINAL TERM

SUBJECT : BANGLA

GRADE: 6

WORKSHEET

Topic : Essay

Approved by HOD Mohammad Ali

Prepared by Morsheda shilpi / Khaleda parvin

Name: \_\_\_\_\_ Section : \_\_\_\_\_ Date : / / 2020

১) “বাংলাদেশের ষড়ঋতু” সম্বন্ধে একটি রচনা লিখ ।

বাংলাদেশের ষড়ঋতু

ভূমিকাঃ বাংলাদেশ ছয়ঋতুর দেশ । ছয়টি ঋতুর আসা যাওয়ার মধ্য দিয়ে বাংলাদেশের প্রকৃতি বিভিন্ন সময়ে বিভিন্ন রূপ ধারণ করে । বারো মাসের প্রতি দুই মাস নিয়ে একটি ঋতু ।

গ্রীষ্মকালঃ বৈশাখ-জ্যৈষ্ঠ দুমাস গ্রীষ্মকাল । গ্রীষ্মকালে সূর্যের প্রখর উত্তাপে মাঠ-ঘাট শুকিয়ে যায় । এ সময়ে পানির অভাবে প্রকৃতি প্রাণহীন হয়ে যায় । শুরু হয় প্রচণ্ড কালবৈশাখী ঝড় । গ্রীষ্মকালে আম, জাম , কাঁঠাল , লিচু , তরমুজ প্রভৃতি ফল প্রচুর পরিমাণে পাওয়া যায় ।

বর্ষাকালঃ আষাঢ়-শ্রাবণ দুমাস বর্ষাকাল । বর্ষাকালে আকাশ প্রায়ই মেঘাচ্ছন্ন থাকে এবং মুসলধারে বৃষ্টিপাত হয় । বর্ষার পানিতে নদী-নালা , খাল-বিল , পুকুর ভরে যায় । এই ঋতুতে বিভিন্ন রকমের ফুল ফোটে এবং নানা রকমের ফল পাওয়া যায় ।

**শরৎকালঃ** ভাদ্র- আশ্বিন দুমাস শরৎকাল । এ সময়ে নীল আকাশে সাদা মেঘ ভেসে বেড়ায় । শরতের দ্বিস্ত সূর্যকিরণে প্রকৃতি ঝলমল করে ।

**হেমন্তকালঃ** কার্তিক-অগ্রহায়ণ দুমাস হেমন্তকাল । এ সময়ে কুয়াশা পড়ে । শীতের আভাস পাওয়া যায় । মাঠে মাঠে ধান কাটার ধুম পড়ে যায় । হেমন্তের নবান্ন উৎসবে সারাদেশ মুখোরিত হয় ।

**শীতকালঃ** পৌষ-মাঘ দুমাস শীতকাল । এ সময়ে উত্তর দিক থেকে হিমেল হাওয়া বইতে থাকে । শীতের প্রকোপ বেড়ে যায় । অনেক গাছপালার পাতা ঝরতে থাকে । এই সময়ে বিভিন্ন শাকসবজি পাওয়া যায়। এই ঋতুতে খেজুরের রস ও নানা রকমের পিঠে ঝাওয়ার ধুম পড়ে যায়।

**বসন্তকালঃ** ফাল্গুন- চৈত্র দুমাস বসন্তকাল । বসন্ত আসে নতুন প্রাণ নতুন উৎসাহ নিয়ে । এ সময়ে আবহাওয়া থাকে অত্যন্ত আরামদায়ক । গাছপালা নতুন পাতায় ভরে যায় । শাখায় শাখায় ফোটে ফুল, কোকিলের কুহুতানে চারদিক মুখোরিত হয়ে ওঠে । এই ঋতুকে ঋতুরাজ বলা হয় ।

**উপসংহারঃ** বাংলাদেশের ষড়ঋতু এভাবে নানা রূপ ও বর্ণ নিয়ে আসে আর যায় । প্রকৃতির এমন রূপবৈচিত্র্য পৃথিবীর আর কোথাও নেই। প্রতিটি ঋতুই আপন আপন বৈশিষ্ট্যে সমৃদ্ধ। ছয়টি ঋতুর এই পালাবদলের খেলা আমাদের দেশকে করেছে অপরূপ ও বৈচিত্র্যময় ।

